দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৫৭/২০১৭ তারিখঃ ১৫/১০/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং - ০৮.০১.০০০০.০৫৭.০১.১৩.১৭/১৭৬, তারিখ: ০৯ অক্টোবর, ২০১৭খ্রিঃ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা)
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৭.০১.১৩.১৭/১৭৬ তারিখ: ০৯ অক্টোবর, ২০১৭খ্রিঃ

বিষয়ঃ **ট্রেড ফ্যাসিলিটেশনের লক্ষ্যে আমদানি পণ্যের দ্রুত শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে পণ্যের মোড়ক বা প্যাকিং ম্যাটেরিয়ালস-এর মূল্য বিবেচনাকরণ।**

সূত্র ঃ ১. General Rules for the Interpretation of the Harmonized System এর Rule-5(b)।
২. জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন আদেশ নং-120/2001/Cus, Date: 08/08/2001।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ট্রেড ফ্যাসিলিটেশনের মাধ্যমে ব্যবসায়ীদের স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ন্যূনতম Customs Intervention এর মাধ্যমে পণ্যের কায়িক পরীক্ষণ এবং শুল্কায়ন পদ্ধতি সহজ, আমদানি-রপ্তানি ব্যয় হ্রাস এবং শুল্কায়নের সময় কমিয়ে আনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত ২নং প্রজ্ঞাপন আদেশের মাধ্যমে মাঠ পর্যায়ে কতিপয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছিল। এর পরিপ্রেক্ষিতে আমদানি পণ্যচালানের দ্রুত শুল্কায়নের স্বার্থে পণ্যের মোড়ক বা প্যাকেটের মূল্য পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরূপনের ক্ষেত্রে অন্তর্ভুক্ত হবে কি না সে বিষয়ে মাঠ পর্যায় হতে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট দিক নির্দেশনা চাওয়া হয়েছে। বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডে বিশদ পর্যালোচনা করা হয়েছে। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

(ক) আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাসের পর উক্ত পণ্য সাধারণ ভোক্তার নিকট প্যাকিং ম্যাটেরিয়ালস/মোড়কসহই বিক্রয় করা হয়। Bangladesh Customs Tariff এর General Rules for the Interpretation of the Harmonized System এর Rule-5(b) অনুযায়ী সাধারণভাবে কোন পণ্যের প্যাকিং-এ ব্যবহৃত হয় এমন কোন প্যাকিং কনটেইনার/ধারক/ প্যাকিং ম্যাটেরিয়াল যদি উক্ত পণ্যের সাথে একত্রে উপস্থাপিত হয় তবে পণ্যটির শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে উক্ত প্যাকিং কনটেইনার/ ধারক/প্যাকিং ম্যাটেরিয়াল পণ্যের সঙ্গেই ক্লাসিফিকেশন বা শ্রেণীবিন্যাস করতে হবে। পণ্যের শ্রেণীবিন্যাস পণ্যের শুল্কায়নের অন্যতম মূল ভিত্তি হওয়ায় পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে শ্রেণিবিন্যাসের নিয়ম অনুসরণ বাধ্যতামূলক। অধিকন্তু, The Customs Act. 1969-এর Section 25- এর Sub-section (1) অনুযায়ী শুল্কায়নের উদ্দেশ্যে পণ্যের মূল্য বলতে আমদানিকৃত পণ্যের বিপরীতে পরিশোধকৃত বা পরিশোধযোগ্য মূল্য (price paid or payable) বুঝায়। এছাড়াও, একই আইনের Section 25- এর Sub-section (6)(a)- এ বলা হয়েছে যে, "কোন পণ্যের মূল্যে ভাড়া, বীমা কমিশন এবং অন্যান্য সকল ব্যয়, মাশুল, বিক্রয় খরচ এবং আমদানি অথবা রপ্তানির স্থানে পণ্য অর্পণের জন্য আনুষঙ্গিক অন্যান্য খরচ অন্তর্ভুক্ত হইবে"।

(খ) পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে আন্তর্জাতিক উত্তম চর্চা (best practice) হচ্ছে পণ্যের পরিশোধকৃত বা পরিশোধযোগ্য মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি এমন প্যাকিংজনিত ব্যয়কে শুল্কায়নযোগ্য মূল্যের সাথে যোগ করা। প্রতিবেশী সার্কভূক্ত অন্যান্য দেশেও উল্লিখিত উত্তম চর্চা অনুসরণ করা হয়ে থাকে। যেমনঃ Indian Customs Manual-Valuation-এর ১১নং অনুচ্ছেদ অনুযায়ী প্যাকিং ম্যাটেরিয়াল একটি dutiable factors হিসেবে পরিগণিত হয়। উক্ত অনুচ্ছেদের ৩নং লাইনে বলা হয়েছে যে, dutiable factor এর মধ্যে প্যাকিং ম্যাটেরিয়ালস-ও অন্তর্ভূক্ত (সূত্রঃ www.cbec.gov.in/resources/htdoes-ebec/deptt.)। দ্বিতীয়তঃ শ্রীলংকা কাস্টমসের Valuation methods and related topics এর ০২নং পৃষ্ঠায় dutiable factors এর ৩নং লাইনে একই কথা বলা হয়েছে। অর্থাৎ শ্রীলংকাতেও পণ্যের সাথে প্যাকিং ম্যাটেরিয়ালস বা প্যাকিং কনটেইনার একটি dutiable factor হিসেবে পরিগণিত হয়ে থাকে। তৃতীয়তঃ Directorate General of Customs Valuation, Pakistan-এর পত্র নং- Misc/15/2009-(Law) Karachi, Date-14/10/2009-এর অনুচ্ছেদ-৪-এ পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণে প্রয়োজনীয় প্যাকিং এর ওজন অন্তর্ভূক্তকরণ আইনগতভাবে সঠিক এবং যুক্তিযুক্ত মর্মে উল্লেখ করা হয়েছে।

০৩। উপর্যুক্ত তথ্য পর্যালোচনায় স্পষ্টতঃ প্রতীয়মান হয় যে,

(ক) পণ্যের সঙ্গে একক ও অভিন্ন সত্ত্বা হিসেবে বিবেচিত সকল প্যাকিং কনটেইনার/ধারক/প্যাকিং ম্যাটেরিয়াল, যা আমদানি পণ্যের সঙ্গে শুল্কায়ন পর্যায়ে উপস্থাপিত হয় এবং শুল্কায়ন ও খালাসের পর সাধারণ ভোক্তার নিকট উক্ত পণ্যের অংশ হিসেবেই বিক্রয় করা হয়, সেগুলোর ব্যয় বা খরচ পণ্যের পরিশোধকৃত বা পরিশোধযোগ্য মূল্যের মধ্যে ইতোমধ্যে অন্তর্ভূক্ত না হয়ে থাকলে আবশ্যিকভাবে অন্তর্ভূক্ত করতে হবে। সে লক্ষ্যে উক্তরূপ প্যাকিং কনটেইনার/ধারক/প্যাকিং ম্যাটেরিয়াল-এর মূল্য পণ্যচালানের শুল্কায়নযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হবে। তবে কোন পণ্যের শুধু সুষ্ঠু পরিবহনের উদ্দেশ্যে ব্যবহৃত প্যাকিং ম্যাটেরিয়ালস বা কনটেইনার, যেমন ঃ ক্যারেট, প্যালেট, container, কাঠের বাক্স এবং সমজাতীয় প্যাকিং ম্যাটেরিয়াল, যা খুচরা পর্যায়ে ক্রেতার নিকট পৌছায় না বা পণ্যের সাথে বিক্রয় করা হয়না, সেগুলোর মূল্য এরূপ শুল্কায়নযোগ্য মূল্যের আওতাভূক্ত হিসেবে বিবেচিত হবে না।

(খ) পেন্সিল, কাজল, নেইল পলিশ বা সমজাতীয় পণ্যের ক্ষেত্রে ধারকসহ যেহেতু আমদানি করে ক্রেতার নিকট বিক্রয় করা হয় সেহেতু এই জাতীয় পণ্যের ক্ষেত্রে goods as presented হিসেবেই শুল্কায়িত হবে। অর্থাৎ পণ্যের সঙ্গে একক ও অভিন্ন সত্ত্বা হিসেবে বিবেচনা করে সকল ধরণের প্রসাধনী, শ্যাম্পু, পারফিউম, সুগন্ধি, খেলনা, অটো পার্টস, পেন্সিল, কাজল, নেইল পলিশ, চকলেট, চিপস, ওয়েফার, বিস্কুট, কফি এবং অন্যান্য যে সকল পণ্য মোড়কজাত/ধারকযোগে ক্রেতার নিকট পৌঁছায় সে সকল পণ্যের ক্ষেত্রে মোড়কের ওজনভিত্তিক মূল্য প্রধান আমদানি পণ্যের মূল্যের সাথে যোগ করে পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরূপণ করতে হবে। তবে ক্যারেট, প্যালেট, container, কাঠের বাক্স ও সমজাতীয় প্যাকিং, যা খুচরা পর্যায়ে পণ্যের সাথে ক্রেতাকে সরবরাহ করা হয় না, তা এর আওতা বহির্ভূত থাকবে।

০৪। যে সকল আমাদনিকারক/রপ্তানিকারক পণ্যের product specification-সহ পণ্যের সঠিক বর্ণনা (brand name, model, art no/part no ইত্যাদি) পণ্যের ওজন, সংখ্যা, পরিমাণ ইত্যাদি এবং HS Code সঠিকভাবে আমদানি দলিলপত্রে (invoice, packing list, L/C, contracts, purchase agreements ইত্যাদি) উল্লেখ করে বিল অব এন্ট্রি দাখিল করবে, তাদের পণ্যচালান ন্যূনতম সময়ের মধ্যে শুল্কায়নের ব্যবস্থা গ্রহন করতে হবে এবং পণ্যের সঠিক ঘোষণা প্রদানকারীকে trusted trader হিসাবে মূল্যায়ন করতে হবে।

০৫। মোড়কজাত/প্যাকেটজাত অবস্থায় আমদানিকৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরূপনের ক্ষেত্রে বিদ্যমান সকল অস্পষ্টতা দূরীকরণ, আইনানুগ বানিজ্য সহায়তা (legitimate trade facilitation), ন্যূনতম কাস্টমস intervention, lead-time হ্রাসকরণ, সকল ব্যবসায়ীকে সমদর্শী সুযোগ (even handed opportunity) প্রদান, শুল্কায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার মাধ্যমে ট্রেড ফ্যাসিলিটেশন নিশ্চিত করার লক্ষ্যে The Customs Act. 1969-এর section 219A-এ প্রদত্ত ক্ষমতা অনুযায়ী এই রুলিং প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
**মোঃ লুৎফর রহমান**
সদস্য (কাস্টমস নীতি)
তারিখ: ০৯/১০/১৭